



CSR&TI, Berhampore

An ISO 9001 :2008 Certified Institute

প্রকাশকঃ
ডঃ কণিকা ত্রিবেদী
অধিকর্তা
কেন্দ্রীয় রেশম গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান
কেন্দ্রীয় রেশম বোর্ডঃ ভারত সরকার
বহরমপুর-৭৪২১০১, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ

দূরাভাষঃ (03482) 251046 / 253962 / 63 / 64 ফ্যাক্সঃ +91 3482 251233
ইমেলঃ csrtiber.csb@nic.in / csrtiber.@gmail.com

Publication committee : Dr. S. Roy Chaudhuri, Dr. S. Chattopadhyay, Mr. D. Das
and Mr. T. K. Maitra

Leaflet No. 03

© CSR&TI, Berhampore

February 2016

Printed by : u_nimage@yahoo.com

ঘর শোধন

পলুঘর ও পলু পালনের আসবাবপত্র শোধনের
একটি উৎকৃষ্ট পাউডার



ডঃ কণিকা ত্রিবেদী
ডঃ শতদল চক্রবর্তী



কেন্দ্রীয় রেশম গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান
কেন্দ্রীয় রেশম বোর্ড, বস্ত্র মন্ত্রালয়, ভারত সরকার
বহরমপুর-৭৪২১০১, পশ্চিমবঙ্গ

বৈশিষ্ট্য

- “ঘর শোধন” একটি সহজতম ও পলুঘর শোধনের জন্য নিরাপদ ও লাভদায়ক প্রক্রিয়া।
- এতে জল, স্প্রে করার মেশিন, বিদ্যুৎ বা শ্রমিকের প্রয়োজন হয় না।
- পলু পালনের যাবতীয় সরঞ্জাম ইত্যাদি পলুঘরের মধ্যে রেখে এক সাথেই ঘর শোধন করা যায়।
- এতে বিশেষকরে পেরিন রোগ এবং রসা, কালশিরা ও চুনাকাঠি রোগ প্রতিরোধক বর্তমান ও প্রতিরোধে সক্ষম।
- সবরকম আবহাওয়াতে ইহা সমান উপযোগী।
- এর ব্যবহার গুটি ফসলকে সুনিশ্চিত করে।

প্রয়োগ পদ্ধতি

“ঘর শোধন” পাউডার দ্বারা পলুঘর শোধন করার কার্যকারিতা ভালোভাবে পেতে হলে প্রথমে পলুঘরের সকল দরজা (যাতায়াতের দরজা বাদে), জানালা, ঘুলঘুলি ইত্যাদি বন্ধ করে দিতে হবে এবং ঘরের সমস্ত ফাঁকফোকর আঠা দিয়ে কাগজ চিটিয়ে বায়ু চলাচল সম্পূর্ণরূপে বন্ধ করতে হবে।

“ঘর শোধন” পাউডারের প্যাকেটটি কেটে, সাদা রঙের পাউডারটি পরিষ্কার কাগজে রেখে সেটি চিনামাটির প্লেটের উপর রেখে দিন।

এরপর প্লেটটি ঘরের মাঝখানে রেখে দিন ও যাতায়াতের দরজা বন্ধ করে দিন।

কমপক্ষে এক দিন ঘরটিকে বন্ধ রাখুন ও তারপর ঘরের দরজা, জানালা খুলে দিন এবং পাউডারটিকে ঘর থেকে বার করে দিন।

শোধনের পরের দিন থেকেই পলু পালন করা যেতে পারে।

প্রয়োজন

পলু পালন ঘরঃ ১৫ ফুট লম্বা, ১২ ফুট চওড়া ও ১১ ফুট উচ্চতা বিশিষ্ট ঘর
(একঘড়া / ১০০ ডিমের পলুপালনের জন্য)

ঘর শোধন পাউডারঃ মাত্র ৫০ গ্রাম (১ প্যাকেট) “ঘর শোধন”



চাষীর পলু ঘরে “ঘর শোধনের” ব্যবহার

অধিক লাভ

- “ঘর শোধন” সমস্ত রোগের জীবাণু ধ্বংস সুনিশ্চিত করে।
- এটি সবথেকে সহজতম পদ্ধতি এবং এটি ব্যবহারের জন্য কোন রকম শ্রমিক, মেশিন, জল, বিদ্যুৎ ইত্যাদির প্রয়োজন হয় না। চাষী নিজেই করতে পারে ও সময়ের অপচয় হয় না।
- এটি সবচেয়ে সস্তা।
- এটি ব্যবহারে কমপক্ষে ২ থেকে ৪ কেজি বেশী গুটি পাওয়া যায়।
- একঘড়া পলুপালনের জন্য কেবলমাত্র ৫০ গ্রামের একটি পাউচ প্যাকেট (পাউডার) দরকার, তাই এটির পরিবহনও খুবই সহজ।

সতর্কতা

- পাউডারের প্যাকেটটি শুষ্ক স্থানে, বাচ্চাদের থেকে দূরে এবং নিরাপদ স্থানে রাখবেন। পাউডারের গুণাগুণ ভালোভাবে পেতে হলে লক্ষ রাখবেন যেন ব্যবহারের আগে অথবা পরিবহনের সময় পাউডারের প্যাকেটটি ফেটে না যায়।